দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 04 DEC 2016 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ১ ...

# চাঁপাইয়ে ভর্তি বাণিজ্যে ব্যস্ত কোচিং সেন্টার

**স্টাফ রিপোর্টার, চাঁপাইনবাবগঞ্জ ॥** দুটি মাধ্যমিক পর্যায়ের সরকারী স্কুলের ষষ্ঠ ও তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষার আশ্বাস দিয়ে কোচিং বাণিজ্যে নেমেছে কিছু শিক্ষক। তারা শহরের হরিমোহন সরকারী বিদ্যালয় ও সরকারী বালিকা বিদ্যালয়ের বাংলা, ইংরেজী ও গণিত বিভাগের শিক্ষক। এর বাইরেও কোন কোন অভিভাবকের কাছ থেকে নিবিড় ও গভীর পর্যবেক্ষণের আশ্বাস দিয়ে ৫০ হাজার থেকে লাখ টাকা আদায়ের গুজব রয়েছে শহরজুড়ে। প্রশাসন কয়েক বছর ধরে এই ভর্তি বাণিজ্য রুখতে নানান ধরনের চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। যদিও মেয়েদের পরীক্ষা গ্রহণ করে থাকে হরিমোহন হাইস্কুল ভবনে ও ছেলেদের পরীক্ষা গ্রহণ করে থাকে সরকারী বালিকা বিদ্যালয় ভবনে। কিন্তু পরীক্ষা গ্রহণকালীন এক স্কুলের শিক্ষক অন্য স্কুলে পরিদর্শকের দায়িত্ব পালন করে। সচেতন অভিভাবকরা তাই মেয়েদের দিয়ে রেখেছে ছেলেদের স্কুলের শিক্ষকদের কাছে। অনরূপ ছেলেদের কোচিং করাচ্ছে সরকারী বালিকা বিদ্যালয়ের শিক্ষকরা। কয়েক বছর ধরে দেখা যাচ্ছে প্রশাসন ভর্তি বাণিজ্য বা দুর্নীতি রুখতে দুই স্কুলের শিক্ষকদের মধ্য পরিবর্তন এনে হরিমোহনে রাখা হয় বালিকা স্কুলের শিক্ষকদের আর হরিমোহনের শিক্ষকদের রাখা হয় বালিকা বিদ্যালয়ে। এই সুবিধা আর সুযোগকে অপব্যবহার করে দুই স্কুলের সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকরা বাণিজ্যে নেমে পড়েছে। শহর ও শহরতলির লক্ষাধিক টাকায় একাধিক বাড়ি ভাড়া নিয়ে তিন মাসের কোচিং বাণিজ্য চলছে। পাঁচ উপজেলার অভিভাবকরা সরকারী স্কুলে ছেলেমেয়েকে ভর্তি করতে হুমড়ি খেয়ে পড়েছ এসব কোচিং সেন্টারে।